

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**

**Date: 28-12-2025**

**Time: 07.35-07.40 AM Hrs**

**BENGALI MORNING BULLETIN**

---

**Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ সকাল ১১টায় আকাশবাণীর মন-কি বাত অনুষ্ঠানে দেশ বিদেশের জনগনের সাথে মত বিনিময় করবেন। এটি হল মন-কি-বাত অনুষ্ঠানের ১২৯তম পর্ব। এই অনুষ্ঠানটি আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত নেটওয়ার্ক, আকাশবাণী সংবাদ ওয়েবসাইট [www.newsонаir.com](http://www.newsонаir.com) ও newsonair mobile app-এ শোনা যাবে। অনুষ্ঠানটি আকাশবাণী, ডিডি নিউজ, প্রধানমন্ত্রীর দপ্তর তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউ টিউব চ্যানেলেও শুনতে পাওয়া যাবে। অনুষ্ঠানের অব্যবহিত পরেই এর আঞ্চলিক ভাষার অনুবাদ শোনা যাবে। এই আঞ্চলিক ভাষার অনুষ্ঠানটি রাত ৮টায় পুনঃ প্রচার করা হবে।

এদিকে, প্রধানমন্ত্রীর মন-কি-বাত অনুষ্ঠানটি পূর্ব সিমনার হেজামারা কমিউনিটি হলে শুনবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ড: মানিক সাহা। এই অনুষ্ঠানে বিজেপি'র দলীয় কর্মীরা উপস্থিত থাকবেন।

\*\*\*\*\*

**BB Sen :**

ত্রিপুরা বিধানসভার প্রয়াত অধ্যক্ষ তথ্য ধর্মনগর বিধানসভা কেন্দ্রের বিধায়ক বিশ্ববঙ্গ সেনের মরদেহ গতকাল রাত প্রায় ১১ টা নাগাদ ধর্মনগরে এসে

পৌঁছেছে। বিজেপি'র উত্তর জেলা সভাপতি কাজল দাস জানিয়েছেন আজ সকাল নটা নাগাদ শব্দাভ্যাস তাঁর জয়হিন্দ রোডের বাড়ি থেকে প্রথমে রামঠাকুর আশ্রমে ও পরে পদ্মপুরে জেলা বিজেপি কার্যালয়ে যাবে। জেলা কার্যালয়ের সামনে গোল্ডেন ভ্যালি স্কুলের মাঠে সবাই যাতে তাদের প্রিয় বিধায়ককে শেষ শুন্দা জানাতে পারেন, সেজন্য মরদেহ কিছুক্ষণ সেখানে রাখা হবে। স্কুল মাঠ থেকে মিছিল করে মোটরস্ট্যান্ড হয়ে শহরের বিভিন্ন পথ পরিদ্রুমা করে সোজা চলে আসবে ধর্মনগর শুশান ঘাটে। মহকুমা প্রশাসন থেকে জানানো হয়েছে, পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় শেষকৃত্য সম্পন্ন হবে।

\*\*\*\*\*

### **PULSE POLIO :**

রাজ্যজুড়ে সাম্প্রতিক পালস পোলিও টিকাকরণ কর্মসূচিতে লক্ষ্যমাত্রার নিরিখে ১০১ শতাংশ সাফল্য অর্জন হয়েছে, যা রাজ্যের স্বাস্থ্য পরিষেবায় একটি গুরুত্বপূর্ণ মাইলফলক। জাতীয় স্বাস্থ্য মিশন-ত্রিপুরার পক্ষ থেকে এসৎবাদ জানানো হয়েছে। গত ২১ ডিসেম্বর থেকে ২৪ ডিসেম্বর পর্যন্ত অভিযানে রাজ্যে ৩,৪০,৮৭৪ জন শিশুকে পালস পোলিও ডোজ খাওয়ানোর লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছিল। এই অভিযানে রাজ্য মোট ৩ লক্ষ ৪৩ হাজার ৬৯৮ জন শিশুকে পোলিও ডোজ খাওয়ানো হয়েছে।

\*\*\*\*\*

### **PM-CS :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি জাতীয় উন্নয়নকে অগ্রাধিকার দিয়ে কেন্দ্র-রাজ্য অংশীদারিত্ব শক্তিশালী করার লক্ষ্য মুখ্য সচিবদের সঙ্গে তিনদিনের পঞ্চম

জাতীয় সম্মেলনে সভাপতিত্ব করছেন | গত শুক্রবার থেকে নতুন দিল্লীতে এই সম্মেলন শুরু হয়েছে। আজ সম্মেলনের শেষ দিন | এই সম্মেলনের বিষয়ে প্রধানমন্ত্রী সামাজিক যোগাযোগ মাধ্যমে জানান, রাজ্যগুলির শাসন ব্যবস্থা ও সংস্কারের ক্ষেত্রে বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা চলছে। কেন্দ্র ও রাজ্যের মধ্যে সম্পর্ক শক্তিশালী করতেও জোর দেওয়া হয়েছে। এর সাথে জাতীয় উন্নয়নের বিষয়টিকে অগ্রাধিকার দেওয়া হচ্ছে।

\*\*\*\*\*

### **Consumer Ministry :**

কেন্দ্রীয় সরকারের ভোক্তা বিষয়ক দপ্তরের অধীনস্ত জাতীয় ভোক্তা হেল্পলাইনের মাধ্যমে, ৩১টি ক্ষেত্রে ৪৫ কোটি টাকা ফিরিয়ে দিয়েছে। ভোক্তা বিষয়ক, খাদ্য ও গণবন্টন মন্ত্রক জানিয়েছে, এই উদ্দেয়াগের ফলে গত আট মাসে ৬৭ হাজারেরও বেশি গ্রাহকের অভিযোগের সমাধান করা হয়েছে। আরো জানানো হয়েছে, সর্বোচ্চ সংখ্যক অভিযোগ রেকর্ড হয়েছে ই-কমার্স ক্ষেত্রে, সংখ্যায় ৩৯ হাজারেরও বেশি, অর্থ ফেরত দেয়া হয়েছে ৩২ কোটি টাকা। ভোক্তারা ১৯১৫ টোল-ফ্রি তথা নিঃশুল্ক হেল্পলাইন নম্বরের মাধ্যমে ১৭টি ভাষায় তাঁদের অভিযোগ নথিভুক্ত করতে পারবেন।

\*\*\*\*\*

### **Health Camp :**

রোটারী ক্লাব আগরতলা সিটি ও কাঠালিয়া সামাজিক স্বাস্থ্য কেন্দ্রের যৌথ উদ্দেয়াগে সিপাহীজলা জেলার বাঁশপুরুরে গতকাল এক মেগা স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। উদ্বোধন করেন সিপাহীজলা জিলা পরিষদের সহকারী সভাপতিপ্রিন্টু আইচ।

\*\*\*\*\*

## **SIR-West Bengal :**

পশ্চিমবঙ্গে ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন (SIR) প্রক্রিয়ার শুনানি পর্ব গতকাল থেকে শুরু হয়েছে। প্রথম পর্যায়ে, প্রায় ৩.২ মিলিয়ন অ-ম্যাপযুক্ত ভোটার, যারা ২০০২ সালের ভোটার তালিকার সাথে কোনও যোগসূত্র স্থাপন করতে পারেননি, তাদের শুনানির জন্য ডাকা হচ্ছে। ভোটারদের আধার কার্ড সহ সর্বাধিক ১২টি স্বীকৃত নথি জমা দেওয়ার অনুমতি দেওয়া হবে।

তবে, ভোটারের পরিচয় নিশ্চিত করার জন্য কেবল আধার কার্ডই যথেষ্ট নথি হিসেবে বিবেচিত হবে না। গত বছর পরিচালিত বিহারের এসআইআর (SIR) অনুশীলনের ভোটার তালিকাও একটি বৈধ নথি হিসেবে বিবেচিত হবে। নির্বাচন কমিশন স্পষ্টভাবে সতর্ক করে দিয়েছে, জাল নথি জমা দেওয়া শাস্তিযোগ্য অপরাধ হিসেবে বিবেচিত হবে।

\*\*\*\*\*

## **Weather :**

রাজ্যের পশ্চিম, গোমতী, খোয়াই, ধলাই, ও দক্ষিণ জেলা ঘন কুয়াশার সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আজ আকাশ আংশিক মেঘলা থাকবে। সকালে বিভিন্ন জেলাতেই ঘন কুয়াশা লক্ষ্য করা গেছে। এতে কিছুটা হলেও স্বাভাবিক যান চলাচল বিস্তৃত হয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২২ ডিগ্রি সেলসিয়াস ও সর্বনিম্ন ১৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১২ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*

\*\*\*\*\*